# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৫৯

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ১০৩. ঋতুবতী স্ত্রীর সাথে একত্রে আহার ও মেলামেশা করা

باب فِي مُؤَاكَلَةِ الْحَائِضِ وَمُجَامَعَتِهَا

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ دَاوُدَ، عَنْ مِسْعَرٍ، عَنِ الْمِقْدَامِ بْنِ شُرَيْحٍ، عَنْ أَبِيهِ، عَنْ عَائِشَةَ، قَالَتْ كُنْتُ أَتَعَرَّقُ الْعَظْمَ وَأَنَا حَائِضٌ، فَأُعْطِيهِ النَّبِيَّ صلى الله عليه وسلم فَيَضَعُ فَمَهُ فِي الْمَوْضِعِ الَّذِي فِيهِ وَضَعْتُهُ وَأَشْرَبُ الشَّرَابَ فَأُنَاوِلُهُ فَيَضَعُ فَمَهُ فِي الْمَوْضِعِ الَّذِي كُنْتُ أَشْرَبُ مِنْهُ .

ـ صحيح : م

বাংলা

২৫৯। ’আয়িশাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি হায়িয অবস্থায় হাড় চুষে খেয়ে তা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দিতাম। তিনিও তাঁর মুখ হাড়ের ঐ স্থানে লাগাতেন, যেখানে আমি লাগিয়েছি। আবার পানীয় দ্রব্য পান করে তাঁকে দিতাম। তিনি তখনও ঐ স্থান থেকে পান করতেন যেখানে মুখ লাগিয়ে আমি পান করেছি।[1]

সহীহ : মুসলিম।

## English

'Aishah said:
I would eat flesh from a bone when I was menstruating, then hand it over to the Prophet(ﷺ) and he would put his mouth where I had put my mouth: I would drink, then hand it over to him, and he would put his mouth( at the place) where I drank.

## ফুটনোট

[1] মুসলিম (অধ্যায়ঃ হায়িয, অনুঃ ঋতুবতী স্ত্রীর সাথে একই লেপের নীচে রাত যাপন করা), নাসায়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ ঋতুবতী উচ্ছিষ্ট, হাঃ ৭০) ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ ঋতুবতীর সাথে পানাহার করা এবং তার উচ্ছিষ্ট সম্পর্কে, হাঃ ৬৪৩) আহমাদ (৬/৬২, ৬৪, ১২৭, ২১৪), সকলেই এ সনদে মিকদাম ইবনু শুরাইহ সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57577

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন